


দৈনিক
# আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




সোমবার | ৬ মার্চ ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১৮০ সংখ্যা | ২১ ফাল্গুন ১৪২৯ সাল | ১৩ শাবান ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*বক্তব্য রাখছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল*

## প্রিমিয়ার ভার্সিটির সিএসইতে কোর্স উদ্বোধন অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী

# পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং উদ্বোধন করেছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল। এসময় শিক্ষা উপমন্ত্রী সুনির্দিষ্ট দক্ষতা ও যোগ্যতার জন্য মাস্টার অব সায়েন্সের প্রয়োজন রয়েছে উল্লেখ করে বলেন, পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স।

গতকাল রোববার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান এম এ রশিদ এবং বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রেসিডেন্ট আরিফুল হাসান অপু। সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে মাস্টার অব সায়েন্স চালু হচ্ছে। সুতরাং আজকের দিন প্রিমিয়ার ইউনিভার্সিটির জন্য বিশেষ দিন। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, বিজ্ঞান ছাড়া কোনো শিক্ষাই পরিপূর্ণ নয়। প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এখন শামুকের মতো নয়, এখন তা বিশাল মহীরুহ।

আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান এম এ রশিদ বলেন, আইইবির কাজ হচ্ছে প্রকৌশলীদের সার্বিক কল্যাণ। বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রেসিডেন্ট আরিফুল হাসান অপু বলেন, মাস্টার অব সায়েন্সে যারা পড়বেন অথবা যারা গ্র্যাজুয়েশন সমাপ্ত করে চাকরি করছেন, তাদের ভাবার প্রয়োজন নেই যে, পড়ালেখা বা স্কিল অর্জন শেষ হয়ে গেছে। কারণ টেকনোলজি পরিবর্তন হয়।

এছাড়াও বক্তব্য রাখেন ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ খাইরুল ইসলাম ও চুয়েটের অধ্যাপক ড. আসাদুজ্জামান। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 06 March 2023, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-03-6

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

চট্টগ্রাম সোমবার ৬ মার্চ ২০২৩

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৮তম বর্ষ ২৪তম সংখ্যা ।। ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ ।। ১৩ শাবান ১৪৪৪ হিজরি ।। Monday 6 March 2023 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

দৈনিক পূর্বকোণ
ব্রেকিং নিউজ
পেতে যে কোন
রবি/এয়ারটেল
নাম্বার থেকে
ডায়াল করুন
*213*3368#
*২.৬৭ টাকা চার্জ প্রযোজ্য



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিংয়ের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী*

### *প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষা উপমন্ত্রী নওফেল*

## পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি মাস্টার অব সায়েন্স

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং উদ্বোধন করেছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি।

এসময় তিনি বলেন, অনেক আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে ও প্ল্যাটফর্মে মাস্টার অব সায়েন্সের পাশাপাশি অনেকগুলো কোর্স অফার করা হয়। অন্যান্য ডিসিপ্লিন থেকেও যাতে করে কম্পিউটার সায়েন্সে ছাত্ররা পড়তে পারে, সেজন্য কিছু ফাউন্ডেশন কোর্স আয়ত্ত করাও দরকার। সুনির্দিষ্ট দক্ষতা ও যোগ্যতার জন্য মাস্টার অব সায়েন্সের প্রয়োজন রয়েছে উল্লেখ করে বলেন, পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স।

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিংয়ের উদ্বোধনী অনুষ্ঠানে গতকাল প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এতে সভাপতিত্ব করেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি বলেন, বাংলাদেশকে এগুতে হলে অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে এগুতে হবে।

বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান এম এ রশিদ এবং বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রেসিডেন্ট আরিফুল হাসান অপু। বক্তব্য রাখেন সহযোগী অধ্যাপক ড. সাহীদ মো. আসিফ ইকবাল, চবি অধ্যাপক ড. মোহাম্মদ খাইরুল ইসলাম ও চুয়েটের অধ্যাপক ড. আসাদুজ্জামান।

উদ্বোধনী অনুষ্ঠানের পরে বাংলাদেশ ইনোভেশন ফোরাম, প্রাইডসিস আইটি লিমিটেড ও হাইটেক ইএন্ডসি-র সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তিনটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 06 March 2023, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-03-6

সোমবার
চট্টগ্রাম
৬ মার্চ ২০২৩
২১ ফাল্গুন ১৪২৯
১৩ শাবান ১৪৪৪
বর্ষ-১১, সংখ্যা-৮৩

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার 02-334455071-6 02-334451901-6
মোবাইল নাম্বার 01976-022111 01976-022333
info@phictg.com /parkviewhospitalctg parkview.com.bd

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠা | ৭ টাকা



প্রিমিয়ার ইউনিভার্সিটির অনুষ্ঠানে বক্তব্য দেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী

# পূর্ণাঙ্গ দক্ষতার স্বীকৃতি মাস্টার অব সায়েন্স : শিক্ষা উপমন্ত্রী

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং উদ্বোধন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, এমপি। এসময় তিনি বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এই প্রোগ্রাম চালু হচ্ছে। এটা একটি মহতী উদ্যোগ। এই প্রোগ্রাম যুগোযোগী প্রশিক্ষণ এবং যুগোযোগী শিক্ষা। সব শিক্ষার্থীর জানা প্রয়োজন যে, এই দীর্ঘমেয়াদী মাস্টার কোর্স খুবই গুরুত্বপূর্ণ। অনেক আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে ও প্ল্যাটফর্মে মাস্টার অব সায়েন্সের পাশাপাশি অনেকগুলো কোর্স অফার করা হয়, বিশেষ করে ডাটা সায়েন্স, সফটওয়্যার ইত্যাদির উপরে। একই সঙ্গে কিছু কোয়ান্টিটিভ স্কিলস ও কিছু বেসিক প্রোগ্রামিং ল্যাংগুয়েজেরও প্রয়োজন। অন্যান্য ডিসিপ্লিন থেকেও যাতে করে কম্পিউটার সায়েন্সে ছাত্ররা পড়তে পারে, সেজন্য কিছু ফাউন্ডেশন কোর্স আয়ত্ত করাও দরকার। শিক্ষা উপমন্ত্রী সুনির্দিষ্ট দক্ষতা ও যোগ্যতার জন্য মাস্টার অব সায়েন্সের প্রয়োজন রয়েছে উল্লেখ করে বলেন, পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স।

৫ মার্চ সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান এম. এ. রশিদ এবং বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রেসিডেন্ট আরিফুল হাসান অপু।

সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে মাস্টার অব সায়েন্স চালু হচ্ছে। সুতরাং আজকের দিন প্রিমিয়ার ইউনিভার্সিটির জন্য বিশেষ দিন। তিনি উল্লেখ করেন, যেদেশ বিজ্ঞান ও প্রযুক্তিতে সমৃদ্ধ হবে, সেদেশ এগিয়ে যাবে। প্রতিনিয়ত বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির বার্তা শুনছি। বাংলাদেশকে এগুতে হলে অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে এগুতে হবে। এছাড়াও বক্তব্য দেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ খাইরুল ইসলাম ও চুয়েটের অধ্যাপক ড. আসাদুজ্জামান।

উদ্বোধনী অনুষ্ঠানের পরে বাংলাদেশ ইনোভেশন ফোরাম, প্রাইডসিস আইটি লিমিটেড ও হাইটেক ইএন্ডসি-র সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তিনটি সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 06 March 2023, Page: 3, Col: 4
https://epurbodesh.com/edition/459/০৬-মার্চ-২০২৩/page/3

চট্টগ্রাম • সোমবার • ৬ মার্চ ২০২৩ • ২১ ফাল্গুন ১৪২৯ • ১৩ শাবান ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ১৯৮

রূপান্তর নবযাত্রা ১৯

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ পুরোদমে চলছে মাতারবাড়ী বন্দর তৈরির কাজ

৫ চকরিয়ায় পানির অভাবে চৌচির ধানক্ষেত

৬ কী কথা হলো সাকিব-তামিমের মধ্যে?



**এক মাসের মধ্যে ফের বিয়ের পিঁড়িতে স্বরা!**
সম্প্রতি এক প্রকার কোনো ঘোষণা ছাড়াই গাঁটছড়া বেঁধেছিলেন বলিউড অভিনেত্রী স্বরা ভাস্কর। গত ১৬ ফেব্রুয়ারি সমাজবাদী পার্টির যুবনেতা ফাহাদ আহমেদকে বিয়ে করেছেন তিনি।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষা উপমন্ত্রী

# পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি মাস্টার অব সায়েন্স

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং উদ্বোধন করেছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, এমপি। এ সময় তিনি বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এই প্রোগ্রাম চালু হচ্ছে। এটা একটি মহতী উদ্যোগ। এই প্রোগ্রাম যুগোপযোগী প্রশিক্ষণ এবং যুগোযোগী শিক্ষা। সব শিক্ষার্থীর জানা প্রয়োজন যে, এই দীর্ঘমেয়াদী মাস্টার কোর্স খুবই গুরুত্বপূর্ণ। অনেক আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে ও প্ল্যাটফর্মে মাস্টার অব সায়েন্সের পাশাপাশি অনেকগুলো কোর্স অফার করা হয়, বিশেষ করে ডাটা সায়েন্স, সফটওয়্যার ইত্যাদির উপরে। একই সঙ্গে কিছু কোয়ান্টিটিভ স্কিলস ও কিছু বেসিক প্রোগ্রামিং ল্যাংগুয়েজেরও প্রয়োজন। অন্যান্য ডিসিপ্লিন থেকেও যাতে করে কম্পিউটার সায়েন্সে ছাত্ররা পড়তে পারে, সেজন্য কিছু ফাউন্ডেশন কোর্স আয়ত্ত করাও দরকার।

শিক্ষা উপমন্ত্রী সুনির্দিষ্ট দক্ষতা ও যোগ্যতার জন্য মাস্টার অব সায়েন্সের প্রয়োজন রয়েছে উল্লেখ করে বলেন, পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স।

গতকাল রোববার সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান এম. এ. রশিদ এবং বাংলাদেশ ইনোভেশন ▶ *৭ম পৃষ্ঠার ২য় কলাম*

# পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার

► *শেষ পৃষ্ঠার পর*

ফোরামের প্রেসিডেন্ট আরিফুল হাসান অপু।

সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে মাস্টার অব সায়েন্স চালু হচ্ছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির জন্য দিনটি বিশেষ উল্লেখ করে তিনি করেন, যে দেশ বিজ্ঞান ও প্রযুক্তিতে সমৃদ্ধ হবে, সে দেশ এগিয়ে যাবে। প্রতিনিয়ত বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির বার্তা শুনছি। বাংলাদেশকে এগুতে হলে অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে এগুতে হবে।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, বিজ্ঞান ছাড়া কোনো শিক্ষাই পরিপূর্ণ নয়। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রচার-প্রসারে অ্যালামনাইদের সহযোগিতা গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন।

প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এখন শামুকের মতো নয়, এখন তা বিশাল মহীরুহ।

আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান এম. এ. রশিদ বলেন, আইইবির কাজ হচ্ছে প্রকৌশলীদের সার্বিক কল্যাণ। তিনি আইইবি থেকে প্রিমিয়ার ইউনিভার্সিটির অ্যাক্রেডিটেশন নেওয়ার উপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রেসিডেন্ট আরিফুল হাসান অপু বলেন, মাস্টার অব সায়েন্সে যারা পড়বেন অথবা যারা গ্র্যাজুয়েশন সমাপ্ত করে চাকরি করছেন, তাদের ভাবার প্রয়োজন নেই যে, পড়ালেখা বা স্কিল অর্জন শেষ হয়ে গেছে। কারণ টেকনোলজি পরিবর্তন হয়।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ খাইরুল ইসলাম ও চুয়েটের অধ্যাপক ড. আসাদুজ্জামান।

উদ্বোধনী অনুষ্ঠানের পরে বাংলাদেশ ইনোভেশন ফোরাম, প্রাইডসিস আইটি লিমিটেড ও হাইটেক ইএডসি-র সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তিনটি সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 06 March 2023, Page: 8, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-03-6